যুগান্তর

28 MAY 2003
পৃষ্ঠা ... ১১ ... কলাম ... ১

# এইচএসসি : পলাশবাড়ী শাহজাদপুর নবীনগর চৌদ্দগ্রাম ঈশ্বরগঞ্জ বদরগঞ্জে মতবিনিময় সভা

যুগান্তর ডেস্ক

এইচএসসি ও আলিম পরীক্ষা নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের পক্ষে জনমত গঠনের প্রক্রিয়া অব্যাহত রয়েছে। এ লক্ষ্যে স্থানীয় প্রশাসনের উদ্যোগে সভা-সমাবেশ ও মতবিনিময় অনুষ্ঠিত হচ্ছে। বিস্তারিত খবর পাঠিয়েছেন যুগান্তর প্রতিনিধিরা-

**গাইবান্ধা** : গতকাল মঙ্গলবার জেলার পলাশবাড়ী উপজেলা পরিষদ মিলনায়তনে এক সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা দুলাল কৃষ্ণ সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিভিন্ন কলেজ ও মাদ্রাসার প্রধানরা ছাড়াও স্থানীয় বিশিষ্ট ব্যক্তি এবং সাংবাদিকরাও উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন মেরীরহাট সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ নজরুল ইসলাম, পলাশবাড়ী উপজেলা বিএনপি সভাপতি শাহ আলম সরকার, সাংবাদিক নুরুজ্জামান প্রধান প্রমুখ।

**শাহজাদপুর** : গতকাল মঙ্গলবার শাহজাদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে মাদ্রাসা শিক্ষকদের নিয়ে উপজেলা নির্বাহী অফিসার মখলেছুর রহমান এক মতবিনিময় সভা করেন। এ সভায় মাদ্রাসা প্রধানরা নকলমুক্ত পরীক্ষা নেয়ার অঙ্গীকার ব্যক্ত করেন।

**চৌদ্দগ্রাম** : গত সোমবার চৌদ্দগ্রাম উপজেলা প্রশাসনের উদ্যোগে চৌদ্দগ্রাম সরকারি কলেজ মিলনায়তনে নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণের লক্ষ্যে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মজিবুর রহমান মজুমদারের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনায় বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ সেলিম রেজা, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আবুল হাসেম, চিওড়া সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ সামসুর রহমান, গুণবতী কলেজের প্রভাষক শাহ আলম, কনকাপৈত কলেজের অধ্যাপক শহীদ উল্যা ও মুন্সীরহাট কলেজের প্রভাষক এয়াকুব আলী।

**নবীনগর (ব্রাহ্মণবাড়িয়া)** : নবীনগর উপজেলায় মঙ্গলবার বিকালে ইউএনও আশরাফুল কবীরের সভাপতিত্বে এক মতবিনিময় সভা হয়। সভায় পরীক্ষা কেন্দ্রগুলোর আইন-শৃংখলাসহ সম্ভাব্য সার্বিক পরিস্থিতি বিশ্লেষণ করে বিভিন্ন পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়। মতবিনিময় সভায় উপজেলার বিভিন্ন কলেজ ও মাদ্রাসার প্রতিনিধিসহ সর্বস্তরের বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন। এছাড়া সোমবার উপজেলার কাইতলা কলেজ মিলনায়তনে শিক্ষার্থী-শিক্ষক ও অভিভাবকদের এক সমাবেশ অনুষ্ঠিত হয়। অধ্যক্ষ হাবিবুর রহমানের সভাপতিত্বে এতে প্রধান অতিথি ছিলেন কাইতলা আলিমুদ্দীন জোবেদা কলেজ পরিচালনা কমিটির সভাপতি গোলাম শাহরিয়ার বাদল। বক্তৃতা করেন জিয়া সারকারখানা স্কুল ও কলেজের অধ্যক্ষ আবদুস সাত্তার, সাবেক ইউপি চেয়ারম্যান আবদুল মান্নান, সূর্যকান্ত সরকার, নারায়ণ চন্দ্র সাহা প্রমুখ।

**ঈশ্বরগঞ্জ (ময়মনসিংহ)** : ঈশ্বরগঞ্জ উপজেলা প্রশাসন এইচএসসি, আলিম ও ফাজিল পরীক্ষা নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে শিক্ষক-শিক্ষিকা ও এলাকার গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে সভা করেছে। গত ২৭ মে উপজেলা পরিষদ সভাকক্ষে উপজেলা নির্বাহী কর্মকর্তা মীর জহুরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন প্রভাষক মনিরুজ্জামান, আঃ রফিক, মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ শহিদুল্লাহ, সাংবাদিক আবুল কালাম আজাদ, বিএনপির উপজেলা সেক্রেটারি আহসান পারভেজ, সাংগঠনিক সম্পাদক মোসলেম উদ্দিন ফকির, নুরুল আমিন মুরাদ ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ আমজাদ হোসেন।

**বদরগঞ্জ** : গত মঙ্গলবার বদরগঞ্জ কলেজ চত্বরে সুধী সমাবেশ অনুষ্ঠিত হয়। উপজেলার আটটি কলেজের অধ্যক্ষ, সাধারণ শিক্ষক, অভিভাবক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা এ সভায় উপস্থিত ছিলেন। বদরগঞ্জ ডিগ্রি কলেজের অধ্যক্ষ মোঃ নুরুন্নবীর সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন ইউএনও মাহবুব উল আলম। আরও বক্তব্য রাখেন সাবেক এমপি অধ্যাপক পরিতোষ চক্রবর্তী, অভিভাবক সদস্য শাখাওয়াত হোসেন সাহান, ওসি আজিজুল হক প্রমুখ।

## এইচএসসি পরীক্ষা
# গাইবান্ধার ৬টি কেন্দ্র ঝুঁকিপূর্ণ

গাইবান্ধা প্রতিনিধি

এইচএসসি পরীক্ষায় গাইবান্ধার ২০টি কেন্দ্রের মধ্যে ৬টি কেন্দ্রকে ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। এদিকে পরীক্ষা নকলমুক্ত পরিবেশে সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ব্যাপক প্রস্তুতি নেয়া হয়েছে।

জেলা প্রশাসন সূত্রে জানা গেছে, গাইবান্ধা জেলার ৫৮টি কলেজে ছাত্রছাত্রীদের এইচএসসি পরীক্ষার জন্য মোট ২০টি কেন্দ্র স্থাপন করা হয়েছে। কেন্দ্রগুলো হচ্ছে- গাইবান্ধা সরকারি বিশ্ববিদ্যালয় কলেজ, গাইবান্ধা মহিলা কলেজ, গাইবান্ধা আদর্শ কলেজ, তুলশিঘাট শামসুল হক কলেজ, ধাপেরহাট শাহ আজগর আলী কলেজ, সাদুল্যাপুর ডিগ্রি কলেজ, নলডাংগা ডিগ্রি কলেজ, পলাশবাড়ী সরকারি কলেজ, পলাশবাড়ী আদর্শ কলেজ, পলাশবাড়ী মহিলা কলেজ, গোবিন্দগঞ্জ ডিগ্রি কলেজ, গোবিন্দগঞ্জ মহিলা কলেজ, কামদিয়া নুরুল হক কলেজ, মহিমাগঞ্জ কলেজ, সাঘাটা ডিগ্রি কলেজ, বোনারপাড়া ডিগ্রি কলেজ, ফুলছড়ি ডিগ্রি কলেজ, সুন্দরগঞ্জ ডিডব্লিউ ডিগ্রি কলেজ, ধর্মপুর আবদুল জব্বার কলেজ ও রামনডাঙ্গা আবদুল হক কলেজ। এর মধ্যে ৬টি কেন্দ্রকে রাজশাহী শিক্ষাবোর্ড ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করেছে। কেন্দ্রগুলো হচ্ছে- গোবিন্দগঞ্জ ডিগ্রি কলেজ, গোবিন্দগঞ্জ মহিলা কলেজ, কামদিয়া নুরুল হক কলেজ, ফুলছড়ি ডিগ্রি কলেজ, সুন্দরগঞ্জ ডিডব্লিউ কলেজ ও ধর্মপুর আবদুল জব্বার ডিগ্রি কলেজ। জেলার পরীক্ষা কেন্দ্রগুলোতে এবার মোট ৮ হাজার ৫৩৬ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নেবে।

## এইচএসসি পরীক্ষা : যশোর বোর্ড
# পরিদর্শক ছাড়া কেউ হলে ঢুকতে পারবে না

যশোর ব্যুরো

যশোর শিক্ষাবোর্ডের এইচএসসি পরীক্ষা নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে আরও কড়াকড়ি আরোপ করা হয়েছে। একমাত্র পরিদর্শক ছাড়া অন্য কাউকে হলে ঢুকতে দেয়া হবে না। ঝুঁকিপূর্ণ কেন্দ্রগুলোতে পুলিশ ছাড়াও আধা সামরিক বাহিনী, বিডিআর মোতায়েন থাকবে। পরীক্ষা চলাকালে কক্ষে ফটো তোলাও নিষিদ্ধ করা হয়েছে বলে শিক্ষাবোর্ডের দায়িত্বশীল একটি সূত্র জানিয়েছে। আগামীকাল থেকে পরীক্ষা শুরু হচ্ছে।

সূত্রটি বলছে, ক্যামেরার ফ্ল্যাশে পরীক্ষার্থীদের মনোযোগ নষ্ট হয়ে যায়। সে কারণে ফটো তোলার ওপর বিধিনিষেধ জারি করা হয়েছে। এবার যশোর শিক্ষাবোর্ডের অধীনে ১০ জেলার ৬৯ হাজার ২৭৭ জন ছাত্রছাত্রী এইচএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে।

১০ জেলার মোট ১২৫টি কলেজ কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এসব কেন্দ্রের মধ্যে কমপক্ষে তিনটি কেন্দ্রকে ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করেছে বোর্ড কর্তৃপক্ষ। এগুলো হল- মেহেরপুরের গাংনী, কুষ্টিয়ার দৌলতপুর ও চুয়াডাঙ্গার আলমডাঙ্গা। পরীক্ষা কেন্দ্রগুলো পরিদর্শনের জন্য ২১টি ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে। একই সঙ্গে জেলা প্রশাসনের পক্ষ থেকে আরও পাঁচটি ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে।